



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল, বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



স্মারক নং-৩৭.০৬.০০০০.৩০৩.৩১.০০৫.১৯/১৬৩

তারিখ : ১৬/০৬/২০১৯

গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির সাহিত্যপাঠ (গদ্য ও কবিতা), সহপাঠ (উপন্যাস ও নাটক) এবং English For Today ০৩টি পাঠ্যপুস্তক পরিমার্জন করে নতুন কলেবরে মুদ্রণ ও বাজারজাত করা হচ্ছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর সাথে চুক্তিবদ্ধ একমাত্র প্রতিষ্ঠান অগ্রণী প্রিন্টিং প্রেস, স্টেশন রোড, চৌমুহনী, বেগমগঞ্জ, নোয়াখালী-কে নির্ধারিত রয়্যালিটির বিনিময়ে ৩০ জুন, ২০২০ সাল পর্যন্ত মেয়াদে একাদশ-দ্বাদশ শ্রেণির ০৩টি পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাতকরণ কার্যক্রমের জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। পাঠ্যপুস্তক তিনটি পরিমার্জিত সংস্করণ হওয়ায় অগ্রণী প্রিন্টিং প্রেস ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের পাঠ্যপুস্তক ক্রয় করে প্রচারিত হবেন না। দেশের পাঠ্যপুস্তক ব্যবসায়ী, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণ এনসিটিবি কর্তৃক প্রণীত ও অগ্রণী প্রিন্টিং প্রেস কর্তৃক মুদ্রিত ও বাজারজাতকৃত পাঠ্যপুস্তক ০৩টি ক্রয়, বিক্রয়, সংগ্রহ ও পাঠদান কার্যক্রমে ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। শিক্ষার্থীর হাতে যথাসময়ে পাঠ্যপুস্তক পৌঁছানোর কাজে কোনো প্রকার বাধা, ভয়ভীতি প্রদর্শন বা অসদুপায় অবলম্বন ও পাঠ্যপুস্তকের তথ্য বিকৃতিসহ নকল পাঠ্যপুস্তক মুদ্রণ, পরিবহণ, ক্রয়-বিক্রয়, সংরক্ষণ করলে তা দণ্ডনীয় অপরাধ ও সরকারি কাজে বাধা হিসেবে গণ্য হবে এবং দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনত ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষার্থীদের হাতে নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক সরবরাহের সরকারি উদ্যোগকে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।



(প্রফেসর ড. মো: নিজামুল করিম)

সচিব

ফোন: ০২-৯৫৬৫৬৪৪